

ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল'-এর ধারাবাহিক লেখার ত্রয়োদশ পর্বে উপস্থাপন করা হয়েছে weebly.com ব্যবহারের কৌশল। প্রথমে weebly.com-এ গিয়ে নাম, ই-মেইল, অ্যাড্রেস, পাসওয়ার্ড দিয়ে সাইনআপ বাটনে ক্লিক করুন।



চিত্র-০১

এবার captcha দিয়ে Ok বাটনে ক্লিক করলে আপনার weebly-এর অ্যাকাউন্ট হয়ে যাবে। এবার আপনার ওয়েবসাইটের টাইটেল দিয়ে ক্যাটাগরি ও সাব-ক্যাটাগরি সিলেক্ট করে Continue-তে ক্লিক করুন।

এরপর আপনার ওয়েবসাইটের ইউআরএল সিলেক্ট করুন। ওয়েবসাইটের ইউআরএল হিসেবে weebly.com-এর সাব-ডোমেইন পাবেন। যেমন আপনার ইউআরএল হবে small-business2z.weebly.com। এবার Continue বাটনে ক্লিক করুন।



চিত্র-০২

এবার আপনার ওয়েবসাইটে তৈরি ড্যাশ বোর্ড পাবেন। এখানে আপনার ওয়েবসাইটের ডিজাইন ও কনটেন্ট ইচ্ছেমতো মডিফাই করতে পারবেন এবং আয় বাড়ানোর জন্য আপনার অ্যাডসেন্স অ্যাকাউন্টকে যুক্ত করতে পারবেন।

Weebly-এর ড্যাশ বোর্ডে কাজ করার জন্য টেক্সট, ইমেজ, ভিডিও ইত্যাদি যা প্রয়োজন তা ওপর থেকে টেনে এনে নিচে ওয়ার্ক স্পেসে ছেড়ে দিলেই এডিট করার অপশন পাবেন। সেখানে আপনার কনটেন্ট অর্থাৎ টেক্সট, ইমেজ, ভিডিও, টেবল সংযুক্ত করতে পারবেন।

এভাবে আপনার প্রয়োজনীয় কনটেন্ট যুক্ত করে ওয়েবসাইট তৈরি করে পাবলিশ বাটনে ক্লিক করে পাবলিশ করুন।

এবার আয় বাড়ানোর জন্য গুগল অ্যাডসেন্স অ্যাকাউন্টকে যুক্ত করতে হবে। এর জন্য গুগল অ্যাডসেন্স লেখা আইকনটিকে টেনে এনে ওয়ার্ক স্পেসে ছেড়ে দিন।

এবার already have an adsense account বাটন সিলেক্ট করে অ্যাডসেন্সের ই-মেইল অ্যাড্রেস দিয়ে I Accept-এ ক্লিক।

লক্ষণীয়, অনেক সময় সিকিউরিটি ও অপটিমাইজেশনের জন্য সাইটের স্ট্রাকচার পরিবর্তন হয়।

ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

পর্ব-১৩

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন

Adbrite.com

ইন্টারনেটে অর্থ উপার্জনের জন্য আরেকটি জনপ্রিয় সাইট হচ্ছে Adbrite.com। এটি একটি PPC সাইট। এখান থেকে আপনার ব্লগ বা ওয়েবসাইটে বিভিন্ন ধরনের অ্যাড দেয়া হয়। এই অ্যাডে যদি আপনার ব্লগ বা ওয়েবসাইটের কোনো ভিজিটর ক্লিক করেন, তাহলে আপনার অ্যাকাউন্টে টাকা জমা হবে। এই সাইটে রেজিস্ট্রেশন করা ও টাকা আয় করার পদ্ধতি পর্যায়ক্রমে বর্ণনা করা হলো।

লক্ষণীয়, অনেক সময় সিকিউরিটি ও অপটিমাইজেশনের জন্য সাইটের স্ট্রাকচার পরিবর্তন হয়। ব্রাউজারে www.adbrite.com লিখে এন্টার চাপলে Adbrite-এর হোমপেজ দেখা যাবে। এখান থেকে রেজিস্ট্রেশন করতে For Publishers-এ ক্লিক করুন।



চিত্র-০৩

এবার রেজিস্ট্রেশন পেজে প্রয়োজনীয় তথ্য দিয়ে Next : Describe your site-এ ক্লিক করুন।

এবার CREATE AN AD ZONE ON YOUR SITE-এ ক্লিক করুন। এরপর পরবর্তী পেজে আপনার ইচ্ছেমতো অ্যাড মডিফাই করতে পারবেন এবং একেবারে শেষে দুটি টিক মার্ক দিন।



চিত্র-০৪

Next : Set Ad Specs-এ ক্লিক করুন। এবার পরবর্তী পেজটি ইচ্ছেমতো পরিবর্তন করুন। এবার আপনার ওয়েবসাইটের তথ্যগুলো দিন। আপনার সাইটের নাম, সাইট অ্যাড্রেসে কোথায়

অ্যাড বসাবেন, ডেসক্রিপশন কিওয়ার্ড লিখুন, ক্যাটাগরি নির্বাচন করুন এবং সেকেন্ডারি ক্যাটাগরি নিন। এবার Next : Set Pricing-এ ক্লিক করুন।


এবার No-তে রেখেই Get code-এ ক্লিক করলে আপনার অ্যাকাউন্টটি ওপেন হবে। অ্যাডের কোডটি হবে এই রকম। এই কোডটি ব্লগসাইট, ওয়েবসাইট অথবা আর্টিকল সাইটে পেস্ট করে দিলে আপনার সাইটে অ্যাডটি দেখা যাবে এবং এই অ্যাডে ভিজিটর ক্লিক করলে আপনার অ্যাকাউন্টে টাকা জমা হবে।



চিত্র-০৫

ড্যাশবোর্ড থেকে আপনি আপনার আয় সম্পর্কে জানতে পারবেন। Manage ad zone থেকে আপনার অ্যাড মডিফাই ও অ্যাডের জন্য নতুন জোন তৈরি করতে পারবেন।

Earnings থেকে আপনার আয় দেখতে পারেন, আপনার উত্তোলনের অঙ্ক ও চেকে প্রাপকের নাম পরিবর্তন করতে পারবেন। এ সাইটটি সম্পর্কে আরও জানতে হলে ক্লিক করুন।



চিত্র-০৬

আপনার ওয়েবসাইট বা ব্লগ সাইটে যদি ভালো ভিজিটর পেয়ে থাকলে Adbrite দিয়ে আপনি অনেক টাকা আয় করতে পারবেন।

দ্রষ্টব্য : Adbrite সাইটটিকে http://www.sitescout.com/-এর কিনে নেয়ার কথা। এর মধ্যে যদি কিনে নিয়ে থাকে, তবে চিন্তার কোনো কারণ নেই। সে ক্ষেত্রে http://www.sitescout.com/adbrite/?utm_source=adbrite গিয়ে আপনি পাবলিশার হয়ে কাজ করতে পারবেন **কক**

ফিডব্যাক : mentorsystems@gmail.com